


## প্রেস রিলিজ

ঢাকা, ১৫ নভেম্বর

সরকার ২০১৯ সনের জন্য সকল সরকারি ও আধা-সরকারি অফিস এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার জন্য সরকারি ছুটি, নির্বাহী আদেশে সরকারি ছুটি ও ঐচ্ছিক ছুটির তালিকা প্রকাশ করেছে। ১৪ নভেম্বর বিধি-৪ শাখার সিনিয়র সহকারী সচিব এস এম শাহীন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে জানানো হয়, ২০১৯ সনে সাধারণ ছুটি ৩টি সাপ্তাহিক ছুটির দিনসহ মোট ১৪ দিন, নির্বাহী আদেশে সরকারি ছুটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত মোট ৮ দিন, ঐচ্ছিক ছুটি মুসলিম পর্ব ১টি সাপ্তাহিক ছুটির দিনসহ মোট ৫ দিন, হিন্দু পর্ব ১টি সাপ্তাহিক ছুটির দিনসহ মোট ৮ দিন, খ্রিস্টান পর্ব ২টি সাপ্তাহিক ছুটির দিনসহ মোট ৮ দিন, বৌদ্ধ পর্ব ২টি সাপ্তাহিক ছুটির দিনসহ ৫ দিন এবং পার্বত্য চট্টগ্রাম এলাকা ও এর বাইরে কর্মরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত কর্মচারীদের জন্য ১ টি সাপ্তাহিক ছুটির দিনসহ মোট ২ দিন ছুটি পালন করা হবে।

এ সংক্রান্ত বিস্তারিত জানতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ভিজিট করতে অনুরোধ করা যাচ্ছে।

  
এ এইচ এম মাসুম বিল্লাহ  
সিনিয়র তথ্য অফিসার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
০১৯৭৪-০৬৮৫২০